গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর নং ২১৪-আইন/২০১৫/৫১/কাস্টমস । Customs Act, 1969 (Act No. IV of 1969) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত এর section 219 এর sub-section (1), section 13 এবং Chapter XI এর সাথে পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নম্বর আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৭ এর অধীন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হাই-টেক পার্কে স্থাপিত শিল্প কারখানার আমদানি ও রপ্তানির কাস্টমস বিষয়ক কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে নিম্নরূপ বিধি প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ। (১) এই বিধিমালা **বাংলাদেশ হাই-টেক পার্ক ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) বিধিমালা, ২০১৫** নামে অভিহিত হইবে।

(২) ইহা বাংলাদেশ হাই-টেক পার্ক আইন, ২০১০ এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত হাই- টেক পার্কে প্রয়োগ করা হইবে।

২। উক্ত আইনের বিধান অনুসারে হাই-টেক পার্কে প্রতিষ্ঠিত প্রতিটি হাই-টেক পার্ক একটি ওয়ারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে বিবেচিত হইবে।

৩। হাই-টেক পার্কে স্থাপিত শিল্প কারখানা উহার পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ আমদানির সয়ম প্রযোজ্য আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ না করিয়া বন্ড ব্যবস্থায় আমদানি করিতে পারিবে।

৪। কোন শিল্প কারখানা কর্তৃক উৎপাদিত পণ্য হাই-টেক পার্ক এর বাহিরে দেশের অভ্যন্তরে ভোগের (Home Consumption) জন্য বিক্রয় বা হস্তান্তর করিলে উহা আমদানি হিসেবে বিবেচিত হইবে এবং উক্ত পণ্যের উপর প্রযোজ্য যাবতীয় শুল্ক কর আরোপিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণের অতিরিক্ত উৎপাদিত পণ্য অভ্যন্তরে ভোগের জন্য বিক্রয় করিতে পারিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/
(মোঃ নজিবুর রহমান)
সচিব